

2020

BENGALI

( Major )

Paper : 6.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) বীররসের স্থায়ীভাবে নাম কী ?

(খ) ‘কাব্যং গ্রাহ্যমলংকারাং’—এটি কার উক্তি—বামনাচার্যের  
না অভিনবগুপ্তের ?

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(গ) “শব্দার্থের জ্ঞান থাকলেই ধ্বনির জ্ঞান হয়।”

( মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ লেখো )

(ঘ) ভার্জিল রচিত মহাকাব্যের নাম কী ?

(ঙ) ‘ডেকামেরণ’ কার রচনা ?

- (চ) রবীন্দ্রনাথের লেখা 'ঘাটের কথা' গল্পটির রচনাকাল লেখো।
- (ছ) যে বীণায়ন্ত্রের সাহায্যে প্রাচীন গ্রিসে লিরিক গান পরিবেশিত হত তার নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

- (ক) দণ্ডী ও বাণভট্ট রচিত দুটি গ্রন্থের নাম লেখো।
- (খ) 'এবংবাদিনি দেবর্ষৌ পার্শ্বে পিতুরধোমুখী' শ্লোকটির রচয়িতা কে? এটি তাঁর কোন গ্রন্থে আছে?
- (গ) মহিলা গীতিকবি সাফো কোন দেশের অধিবাসী ছিলেন? তিনি কোন ইংরেজ গীতিকবিকে অনুসরণ করে ওড জাতীয় কবিতা রচনা করেছিলেন?
- (ঘ) ইউরোপ-আমেরিকার প্রধান গল্প লেখকদের মধ্যে যে কোনো দুজনের নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) বিভাব কত প্রকার ও কী কী? উদাহরণসহ এদের সংজ্ঞা নির্দেশ করো।
- (খ) উদাহরণসহ বাচ্যার্থ এবং লক্ষণার্থের মধ্যে পার্থক্য নির্ণয় করো।
- (গ) গুণীভূত ব্যঙ্গকাব্য কোনগুলো? উদাহরণ দিয়ে বোঝাও।
- (ঘ) মন্বয় প্রবন্ধ সম্বন্ধে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।
- (ঙ) টীকা লেখো : সারস্বত মহাকাব্য অথবা আখ্যায়িকা।

৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে সর্বমোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) 'বিভাবানুভাবব্যভিচারিসংযোগাৎ রসনিষ্পত্তি :— আলংকারিকের এই উক্তি অনুসরণে স্থায়ীভাবে রস-পরিণতি কীভাবে হয় তা আলোচনা করো।
- (খ) "কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়—সহৃদয় কাব্যপাঠকের মন।" উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) রস ও কাব্যের জগতকে অলৌকিক মায়ার জগত বলা হয়েছে কেন, এ সম্পর্কে তোমার অভিমত যুক্তিসহ আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ঘ) উপন্যাস ও ছোটগল্পের মধ্যে পার্থক্য নির্দেশ করো।
- (ঙ) গীতিকবিতার সংজ্ঞা নির্দেশ করে তার বিচিত্র শাখা-প্রশাখা সম্পর্কে আলোচনা করো।
- (চ) ব্যালাডের সংজ্ঞা নির্দেশ করে দেশী ও বিদেশী ব্যালাডের সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরো।

\*\*\*